

আইআইইউসিতে মুজিবনগর দিবস পালনে আলোচনা সভা

আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয়, চট্টগ্রাম (আইআইইউসি) এ ঐতিহাসিক মুজিবনগর দিবস পালিত হয়েছে। এ উপলক্ষে গত ১৭ এপ্রিল বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ এবং ঐতিহাসিক মুজিব নগর দিবস ও বাংলাদেশের স্বাধীনতা শীর্ষক আলোচনা সভা ও মোনাজাত আইআইইউসি মিলনায়তনে অনুষ্ঠিত হয়। আইআইইউসি উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন আইআইইউসি ট্রেজারার প্রফেসর ড. মুহাম্মদ হুমায়ুন কবির। স্বাগত বক্তব্য রাখেন, আইআইইউসি রেজিস্ট্রার এ এফ এম আক্তারুজ্জামান কায়সার। আরও বক্তব্য রাখেন ইকোনমিক্স এন্ড ব্যাংকিং বিভাগের চেয়ারম্যান মনির আহমেদ, এরাবিক ল্যাঙ্গুয়েজ এন্ড লিটারেচার বিভাগের চেয়ারম্যান ড. মো. মাহমুদুল হাসান। এ সময় উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ডীনবন্দ, বিভাগীয় চেয়ারম্যানবন্দ, অফিস ও ডিভিশনসমূহের চেয়ারম্যান ও পরিচালকবন্দসহ কর্মকর্তা-কর্মচারীবন্দ। আলোচনা সভা শেষে মোনাজাত পরিচালনা করেন আরবী ভাষাসাহিত্য বিভাগের চেয়ারম্যান ড. মো. মাহমুদুল হাসান। অনুষ্ঠান সম্বলনায় ছিলেন ইংরেজী ভাষা ও সাহিত্য বিভাগের চেয়ারম্যান মোহাম্মদ ছরওয়ার আলম।-বিজ্ঞপ্তি



আইআইইউসিতে মুজিবনগর দিবসের আলোচনা সভায় বক্তব্য রাখছেন উপ-উপাচার্য প্রফেসর ড. মোহাম্মদ মছরুরুল মওলা